R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন ঃ ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সকলের প্রিয় এবং মুখরোচক
স্পেশাল লাড্ডু
ও
স্লাইজ ব্রেডের
জনপ্রিয় প্রতিষ্ঠান
সতীমা বেকারী
মির্জাপুর
পোঃ ঘোড়শালা (মুর্শিদাবাদ)

৭৪শ বর্ষ. ৬ষ্ঠ সংখ্যা

রঘুনাথগঞ্জ ৯ই আষাঢ় বুধবার, ১৩৯৪ সাল
২৪শে জুন, ১৯৮৭ সাল।

নগদ মূল্য ঃ ৪০ পয়সা
বার্ষিক ২০্ সডাক

## হিসাববিহীন মজুতের অপরাধে এখানে ব্যবসায়ীরা গ্রেপ্তার হলেও ধুলিয়ানে তা করা হয়নি

রঘুনাথগঞ্জ : ভোজ্য তেল ও ডালের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি রদের পরিপ্রেক্ষিতে রাজ্যের অন্যান্য স্থানের মত এখানেও ব্যবসায় প্রতিষ্ঠানে পুলিশ হানা দেয়। গত ২০ জুন সি আই অফ পুলিশ থানার ও সিকে নিয়ে স্থানীয় ব্যবসায়ী সত্যনারায়ণ আগরওয়ালার ও জঙ্গিপুরের (রঘুনাথপুর) ইকবাল ফৌজির দোকানে হানা দেয়। সত্যনারায়ণ আগরওয়ালার দোকানে হিসাব বহির্ভূত ৩৫ কুইন্টাল খেসারীর ডাল ও সরষের তেল পাওয়া যায়। ইকবাল ফৌজি মজুত ডাল ও তেলের কোন ষ্টক রেজিষ্টার বা খরিদ-বিক্রয় মেমো দেখাতে পারেননি। উভয়কেই পুলিশ গ্রেপ্তার করে আইন মোতাবেক বহরমপুরে চালান দেয়। স্পেশাল কোর্ট সত্যনারায়ণের জামিন মঞ্জুর করেন। ইকবালকে জামিন দেওয়া হয়নি। গত ২২ জুন বহরমপুর ডি আই বি থেকে স্থানীয় মাতৃ ভাণ্ডারে হানা দেওয়া হয়। এখানেও কিছু হিসাব বহির্ভূত ডাল, তেল পাওয়া যায়। এই অভিযোগে দোকানের জনৈক মালিক বাপী দত্তকে গ্রেপ্তার করা হয়। পরের দিন তিনি জামিনে ছাড়া পান।

ধুলিয়ান, ২৪ জুন : গত ২৩ জুন মহকুমা খাদ্য ও সরবরাহ দপ্তরের একটি টিম পুলিশের সহায়তায় স্থানীয় ব্যবসায়ী সুধীরকুমার সাহা ও সত্যনারায়ণ সরাফের গোডাউনে হানা দিয়ে হিসাব বহির্ভূত প্রচুর পরিমাণ ডাল ও তেল আটক করলেও পুলিশ তাঁদের গ্রেপ্তার করেনি। উপরন্তু আজ উক্ত ব্যবসায়ীদের রঘুনাথগঞ্জে মহকুমা খাদ্য ও সরবরাহ দপ্তরে ঘোরাঘুরি করতে দেখা যায়। এঁদের অবাধ বিচরণ অনেককেই অবাক করে। ওই ব্যবসায়ীরা কেন গ্রেপ্তার হলেন না প্রশ্ন করলে মহকুমা খাদ্য ও সরবরাহ আধিকারিক জানান—এ ব্যাপারে আমাদের কিছু করার নেই। পুরো কেসটা আমরা লোকাল পুলিশের হাতে তুলে দিয়েছি। তিনি আরও জানান—সরকার থেকে এসব দেখাশোনার দায়িত্ব দিলেও যাতায়াতের কোন ব্যবস্থা করেনি। দ্রুত যাতায়াতের প্রয়োজনে একটি জীপ গাড়ির জন্য বার বার উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেও কিছু করতে পারিনি। জীপ থাকলে বিভিন্ন এলাকায় গোপন তল্লাসি চালানো সম্ভব হতো।

## খরার পর ঝরা তবু চাষীর মন আশঙ্কায় ভরা

কৃষি সংবাদদাতা : কথায় আছে 'ঘর পোড়া গরু সিঁদুরে মেঘ দেখে ডরায়' —চাষীদের অবস্থা হয়েছে এবার তাই। একটানা খরার পর এ মাসে দু'দিন বৃষ্টি হয়েছে যথাক্রমে ৯১'৫ মিমি এবং ১৯'৫ মিমি। এ খবর লেখার সময় প্রচণ্ড দাবদাহের পর আকাশ জুড়ে মেঘ করেছে। বৃষ্টি ঝরছে যেন ইলশে গুঁড়ি, বাতাস বইছে যেন সাইক্লোন। তাপমাত্রা হয়তো অনেকটা কমেছে, শরীরের ঘাম হয়তো শুকিয়েছে, কিন্তু চাষীর মনের আতঙ্ক উবে যায়নি। গত দু'বছরের অভিজ্ঞতা চাষীর দুশ্চিন্তা বাড়িয়েছে। চাষীর মনের এই অবস্থা আঁচ করে কৃষি দপ্তরও মুশকিল আসান প্রচারে নেমে পড়েছে। তারা খেপে খেপে চাষীকে আমন ধানের বীজতলা তৈরীর পরামর্শ দিচ্ছে। যাতে রোয়ার সময় বর্ষার সঙ্গে তাল রেখে সঠিক বয়সের চারার অভাব চাষীর না হয়।

জঙ্গিপুর মহকুমার মধ্যে একমাত্র সাগরদীঘি ব্লকে চলছে বিশেষ ধান্য উৎপাদন প্রকল্প। পাঁচশালা এই প্রকল্পের বয়স এবার তিন। গত বছরের কাজ ভালভাবে শেষ হয়েছে। কিন্তু প্রকৃতি বিরূপ ছিল বলে ফলন আশানুরূপ হয়নি। সেই অভিজ্ঞতা নিয়ে চাষীর মন এবারও আশঙ্কায় ভরা। এবার এই প্রকল্পে আমন খন্দে বিলি করা হবে চার হাজার উচ্চ ফলনশীল ধানের মিনিকিট, তিরিশ হেক্টর যৌথ বীজতলা, তিরিশ হেক্টর প্রদর্শন ক্ষেত্র ইত্যাদি ইত্যাদি। কৃষি দপ্তর কাজ করে যাবে ঠিকই ; আর প্রকৃতি কি করবে তা প্রকৃতিই জানে। জুনের তৃতীয় সপ্তাহ গেল, এখনও (৬ষ্ঠ পৃষ্ঠায়)

## ডাক প্রশাসনের বিরুদ্ধে ক্ষোভ চরমে

রঘুনাথগঞ্জ : স্থানীয় হেড পোষ্ট অফিসে কয়েক মাস আগে মনি অর্ডারের বেশ কয়েক হাজার টাকা তছরূপের ঘটনা ঘটে। এ ব্যাপারে জড়িত পোষ্টম্যান পলাতক হয়। প্রাপকরা ক্ষোভে ফেটে পড়লে ডাক প্রশাসন প্রত্যেককেই আশ্বাস দেন খুব শীঘ্র তাঁদের প্রাপ্য টাকা দিয়ে দেওয়া হবে। কিন্তু ৬/৭ মাস হয়ে গেলেও টাকা ফেরৎ দেওয়া সম্বন্ধে ডাক বিভাগ আর কোন উচ্চবাচ্য করছেন না। ক্ষতিগ্রস্ত প্রাপকদের মধ্যে অনেক নিঃস্ব ও স্বল্পবিত্ত মানুষ আছেন বলে জানা যায়। তাঁদের অভিযোগ, বহু আবেদন নিবেদন করেও ডাক বিভাগের বিভাগীয় সুপারের কাছ থেকে কোন উত্তর তাঁরা পাননি। অন্য দিকে খবর, অপরাধী পিয়নের (৬ষ্ঠ পৃষ্ঠায়)

## থানা ওসিদের রদবদল

বহরমপুর : সমসেরগঞ্জ থানার ওসি বিজয়কুমার সিংহ এখান থেকে বদলি হয়ে ডিআইবিতে যোগ দিচ্ছেন। তাঁর জায়গায় আসছেন বরোঞা থানার ওসি শিবপদ সরকার।

বহরমপুরের ওসি স্বদেশ সরকার বদলি হয়ে ডিআই বিতে যোগ দিচ্ছেন। তাঁর জায়গায় ওখানে যাচ্ছেন জিয়াগঞ্জের ওসি কৃষ্ণচন্দ্র মজুমদার। সুষ্ঠু শাসন ব্যবস্থার প্রয়োজনে এই ধরনের রদবদল জেলার অনেক থানায় হচ্ছে। তবে জঙ্গিপুর মহকুমায় বর্তমানে আর কোন রদবদল হচ্ছে না বলে পুলিশ সূত্রে জানা যায়।

## অবহেলিত হিলোড়া গ্রাম স্বাস্থ্যকেন্দ্র থেকেও নাই

অরঙ্গাবাদ : হিলোড়ার প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্রটি বেশ কিছুদিন পূর্বে উপ-স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তরিত হয়। কেন এই পদাবনতি সেদিন গ্রামবাসীরা বোঝেননি। তবুও সরকারের কৃপায় একজন ডাক্তারের আদেশ হয় এবং তিনি যোগদানও করেন। এই এলাকার ত্রিশ হাজার মানুষ আশ্বস্ত হন। ভাবেন এইবার আর যাই হোক তাঁরা চিকিৎসার সুযোগ পাবেন। কিন্তু সম্প্রতি দেখা যায় ডাক্তারবাবু (৬ষ্ঠ পৃষ্ঠায়)

পুনরায় জনতা চা ঃ প্রতি কেজি ২৫-০০ টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন ঃ আর জি জি ১৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৯ই আষাঢ়, বুধবার ১৩৯৪ সাল।

## নয়া শিক্ষা পদ্ধতি প্রসঙ্গে

অধুনা শিক্ষাপদ্ধতি পরিবর্ত্তন ও নূতন ধাঁচে 'মডেল স্কুল' প্রভৃতি লইয়া বহু তর্ক-বিতর্ক চলিতেছে। অনেক বিদগ্ধ ব্যক্তি কেন্দ্রীয় সরকারের নয়া শিক্ষা পদ্ধতির প্রশংসা করিতেছেন, আবার বেশকিছু প্রতিভাবান শিক্ষাবিদ উহার বিরোধীতায় মত্ত হইয়াছেন। কেন্দ্রীয় সরকারের মতে দেশের তরুণদের মধ্যে নয়া শিক্ষাপদ্ধতি মাধ্যমে অর্থ উপার্জনক্ষম বৃত্তিমূলক শিক্ষার প্রসার ঘটান সম্ভব হইবে ইহার প্রচার করা হইতেছে। ১৩৩৯ সালের ১৯ বর্ষ ৭ম সংখ্যা জঙ্গিপুর সংবাদে দাদাঠাকুর 'শিক্ষা ও অর্থকরীবিদ্যা' শীর্ষক যে প্রবন্ধ লিখিয়াছিলেন তাহা উক্ত বিরোধীতার প্রকৃত উত্তর বলিয়া আমাদের মনে হওয়ায় তাহা পুনর্মুদ্রিত করিতে বাসনা জাগিল—

বর্ত্তমান শিক্ষাপদ্ধতি সম্বন্ধে যে সকল দোষারোপ করা হয় তন্মধ্যে শিক্ষিতকে অর্থার্জ্জনক্ষম করিতে না পারা অন্যতম। এই দোষ দিয়াই অনেকে আবার বর্ত্তমান স্কুল কলেজ উঠাইয়া দিবার পক্ষপাতী। "চোরের উপর রাগ করিয়া মাটিতে ভাত খাওয়া"র মত এই যে মনোবৃত্তি ইহার মূল অনুসন্ধান করিতে হইলে বর্ত্তমান শিক্ষার ইতিহাসের দিকে তাকাইতে হয়; সঙ্গে সঙ্গে জগতের বিভিন্ন জাতির শিক্ষা পদ্ধতির তথা ভারতবর্ষের প্রাচীন সহস্রাধিক বর্ষব্যাপী শিক্ষাপদ্ধতির মৃত্যুর ইতিহাসও আলোচ্য। জগতের সর্বত্রই লোক লেখাপড়া শিখিতেছে, স্কুল কলেজ গাড়য়া তুলিতেছে। ভারতবর্ষের শিক্ষিত সংখ্যার সহিত জগতের যে কোন সভ্যদেশের শিক্ষিত সংখ্যার তুলনা করিলে লজ্জায় দুঃখে অধোবদন হইতে হয়। আমাদের স্কুল কলেজ অর্থকরীবিদ্যা দিতেছে না বলিয়া স্কুল কলেজের উপর যাঁহারা রাগ করেন তাঁহাদের জানা উচিৎ যে কোনও দেশের সাধারণ স্কুল কলেজে অর্থকরীবিদ্যা দেওয়া হয় না। স্কুল কলেজের উদ্দেশ্য ছেলে মেয়েদের অর্থশালী করা নহে, ইহাদের মূল উদ্দেশ্য কৃষ্টি সাধন। তবে প্রত্যেক দেশেই অর্থোপার্জ্জনক্ষম করাইবার মত শিক্ষার ব্যবস্থা আছে। ভারতবর্ষে তাহা নাই বলিলেই হয়। অন্যান্য দেশে স্কুল কলেজ হইতে বাহির হইয়া ছেলেরা সংসারে প্রবেশ করে না। যে যে ব্যবসায় অবলম্বন করিবে তদুপযোগী ট্রেনিং লাভ করে। সেখানে বিনা ট্রেনিং এ সামান্য চাষের কাজ ও দাসবৃত্তিও দুর্লভ। উক্ত দেশসমূহের গভর্ণমেন্ট ও প্রজাসাধারণ যাহাতে বেকার বসিয়া না থাকে তদ্বিষয়ে সচেষ্ট। কৃষি শিল্প বাণিজ্যের লক্ষপথ সেখানে উন্মুক্ত। পক্ষান্তরে আমাদের এ সকল বিষয়ে নিদারুণ দৈন্যই শিক্ষিত বেকার সমস্যার উদ্ভব ঘটাইয়াছে। অর্থকরীবিদ্যা দিবার কোনও ব্যবস্থা নাই সেজন্য কৃষ্টিমূলক বিদ্যার উপর রাগ করিয়া তাহা পরিত্যাগ করা একটা প্রাচীন সভ্যতা ও শিক্ষাধারার মূলোচ্ছেদ করা একই কথা। আমরা প্রাচীনকালের যে ব্রাহ্মণ্য শিক্ষাপদ্ধতির সাফল্যের গৌরব করিয়া থাকি; যাহা জগতের কাব্য, ব্যাকরণ, জ্যোতিষ, সাধারণ গণিত, জ্যামিতি ও বীজগণিতাদি বিভিন্ন জ্ঞান-বিজ্ঞানের ভিত্তি সেই শিক্ষার শিক্ষিত—ব্রাহ্মণ তনয়ের নিকট ভারতবর্ষ কোনদিন এ দাবি করে নাই যে তুমি অর্থোপার্জন করিতে না পারিলে তোমার সর্ববিদ্যার ও বিদ্যানিকেতনের ধ্বংস সাধন করিব। প্রত্যুত একদিকে প্রাচীন ভারতবর্ষ যেমন কৃষ্টির উৎকর্ষ সাধন করিয়াছে, অন্যদিকে জাতি শৃঙ্খলার স্তরে স্তরে বংশানুগ শিক্ষার ব্যবস্থা করিয়া অর্থকরী বিদ্যা প্রদানেরও বিশেষ ব্যবস্থা করিয়াছিল। আমরা আজ শেষোক্ত বিদ্যার বিলোপ করিয়া প্রথমোক্তর উপর ক্রুদ্ধ হইয়া মূর্খতার পরিচয় দিতেছি। প্রাকৃত জড় শরীর ধারণ করিতে হইলে যেমন অর্থকরী বিদ্যা নিতান্ত প্রয়োজনীয় তেমনই জাতীয় জীবনের বৈশিষ্ট্য রাখিতে গেলে কৃষ্টিমূলক শিক্ষা অপরিত্যজ্য।

### অখিল ভারত আম্র প্রদর্শনী শেষ হলো

বহরমপুর: কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারের সহযোগিতায় স্থানীয় কৃষ্ণনাথ কলেজ স্কুলে গত ১৩ ও ১৪ জুন অখিল ভারত আম্র প্রদর্শনীর আয়োজন করেন। অনুষ্ঠানের পুরস্কার বিতরণী সভায় পশ্চিমবঙ্গের কৃষি অধিকর্তা দেবব্রত মুখোপাধ্যায় আম্র চাষীদের উদ্দেশ্যে কোন ধন্যবাদ বা উৎসাহ দিলেন না বলে ক্ষোভ উঠে। ১২ জুন এক প্রেস কনফারেন্সে কেন্দ্রীয় সরকারের সি, কে ওয়ারম্যান এবং পশ্চিমবঙ্গের মুখ্য ফল তত্ত্ববিদ ডঃ এইচ, এন, সমাজদার বলেন—যে রাজ্যে বেশী ফল উৎপন্ন হয় সেই রাজ্যেই প্রদর্শনী হয়। এর উদ্দেশ্য হল উৎপাদনকারীদের মধ্যে উৎসাহ জাগান এবং ফলের গুণগতমান নির্ণয় করা। যে ফল যে এলাকায় নাই সেই ফলকে সেই এলাকায় এনে উৎপাদনকারীদের মধ্যে সেই ফল চাষে উৎসাহ জাগানো। উক্ত আম্র প্রদর্শনীতে পশ্চিমবঙ্গ, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, বিহার, অন্ধ্র, উড়িষ্যা, রাজস্থান, মহারাষ্ট্র, দিল্লী এই ৯টি রাজ্যের ১০২৫টি প্রতিযোগী অংশ গ্রহণ করেন। ১৩ জুন প্রদর্শনীর উদ্বোধন করেন জেলা পরিষদ সহকারী সভাধিপতি নিজামুদ্দিন আমেদ। স্বাগত ভাষণ দেন জেলার মুখ্য কৃষি আধিকারিক অশোক দাস। পশ্চিমবঙ্গের মুখ্য ফল তত্ত্ববিদ এইচ, এন, সমাজদার বলেন—মুর্শিদাবাদ আম চাষের ক্ষেত্রে উল্লেখযোগ্য নাম। ভারতের অনেক স্থানে আম চাষ হয় কিন্তু মুর্শিদাবাদের মত এত ভালো আম কোথাও নাই। বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং গবেষণাগার থেকে ৬৮টি আমের তৈয়ারী জিনিষ এই প্রদর্শনীতে আসে। প্রদর্শনী কক্ষে সর্বপেক্ষা উৎকৃষ্ট বাছাই করা হয়েছে মধ্যপ্রদেশের মল্লিকা আমকে। এ গ্রুপে ২৫ জনকে ১ম পুরস্কার, ২৫ জনকে ২য় পুরস্কার, বি গ্রুপে ২১ জনকে প্রথম পুরস্কার ২১ জনকে ২য় পুরস্কার সি গ্রুপে ১১ জনকে ১ম পুরস্কার ১১ জনকে ২য় পুরস্কার এবং ডি গ্রুপে ১৬ জনকে ১ম পুরস্কার ১৬ জনকে ২য় পুরস্কার দেওয়া হয়। এছাড়াও ১৬টি প্রথম পুরস্কারে বড় কাপ এবং ১৬টি ২য় পুরস্কারে ছোট কাপ দেওয়া হয়। পুরস্কার বিতরণী সভায় সভাপতিত্ব করেন সেচ ও জলপথ মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়, প্রধান অতিথি ছিলেন কৃষিমন্ত্রী কমল গুহ এবং বিশেষ অথিতি ছিলেন শিক্ষামন্ত্রী আবদুর বারি।

### পাচারকারীদের শায়েস্তা করা গেল না

ধুলিয়ান: সম্প্রতি এখানে সব্জি ও মাছ পট্টির মধ্যে বিদেশী কাপড় বিক্রেতাদের সাথে কয়েকজনের সংঘর্ষে বাজারে উত্তেজনা ছড়িয়ে পড়ে। কাপড় বিক্রেতারা দলে ভারী থাকায় অপর দলের কাছ থেকে তাদের ছিনিয়ে নেওয়া কাপড় কেড়ে নেয় ও পালিয়ে যায়। তখন অপর ব্যক্তিরা পরিচয় দিয়ে সকলের সাহায্য চাইলে জানা যায় উক্ত তিন ব্যক্তি বহরমপুর থেকে আগত ডি আই বি অফিসার। অবশ্য স্থানীয় ব্যবসায়ীদের অভিযোগ, ওইসব বিক্রেতার সাথে পুলিশের গোপন বন্দোবস্ত আছে। তাই তাদের এত প্রতাপ। প্রকাশ, ডি আই বি অফিসাররা সংবাদ পেয়ে পাচারকারীদের হাতেনাতে গ্রেপ্তার করতে আসেন। এই ঘটনার পাঁচদিন পরে পুনরায় তাঁরা আবার ধুলিয়ানে আসেন কিন্তু স্থানীয় পুলিশ প্রশাসনের সক্রিয় সাহায্য না পেয়ে ফিরে যেতে বাধ্য হন।

### লেবেলবিহীন বিড়ি শ্রমিকদের মজুরী বাড়লো

রঘুনাথগঞ্জ: স্থানীয় সি পি আই অফিস সূত্রে জানা যায় তাঁদের আন্দোলনের পরিপ্রেক্ষিতে 'প্রগতিশীল বিড়ি শ্রমিক ইউনিয়ন' অফিসে মালিক ও শ্রমিক পক্ষের দ্বিপাক্ষিক বৈঠকে লেবেলবিহীন বিড়ি প্রস্তুতকারক মালিকেরা শ্রমিকদের মজুরী হাজারে ২ টাকা ৪০ পঃ বৃদ্ধি করতে সম্মত হন। ফলে শ্রমিকরা বিড়ি বাঁধাইয়ে প্রতি হাজারে মজুরী পাবেন ১৬ টাকা। প্রায় ৫৫০ জন বিড়ি শ্রমিক এই বৃদ্ধির সুযোগ পাবেন বলে জানা যায়

**NTPC** नेशनल थर्मल पावर कारपोरेशन

## National Thermal Power Corporation Ltd.

(A Govt. of India Enterprise)

# FARAKKA SUPER THERMAL POWER PROJECT

P.O. NABARUN: DIST—MURSHIDABAD: W.B. PIN: 742236

MATERIALS MANAGEMENT DEPARTMENT

## TENDER NOTICE

Sealed Tenders (in triplicate) superscribing "Tender reference", "Due date of opening" and "Earnest Money Details" are invited **only from reputed Manufacturers and/or their Accredited Agent/Dealer/Stockists** (duly supported with Authorisation Certificates **without which application for Tender Documents/Offers will not be considered** for supply of the following :

GROUP—A

| Sl. No. | Tender No. | Description | Quantity | Amount of EMD | Date of opening of Tender |
|---|---|---|---|---|---|
| 1. | FS : 42 : MD : T—4010 | Hydrated Lime in powder form to pass through 100 ASTM mesh, as per IS : 1540 (Part-II) 1978 Grade A. It should be free from ash, dirt and core and packed in new HDPE bags of 50 Kgs each. | 100 MT (To be supplied quarterly throughout the year, till June '88) | Rs. 3000/- | 22.07.87 |
| 2. | FS : 42 : MD : T—641 | Skirt board rubber in coil of 10 metres, width 200 mm (8"). Thickness—20 mm Shore hardness 65 to 70. | 850 Metres | Rs. 6800/- | 24.07.87 |
| 3. | FS : 42 : MD : T—280 | Test bed for testing of electrical motors from FHP to 200 kW motors 3Ø. The test panel should have arrangement for steplessly increasing the voltage from 0 to 415 V (motorised). It should have the arrangement for locked rotor test, load test and no load run test. The panel should have ammeters in all phases and volt-meter with selector switch to measure voltage in all phases. It should also have provision for DC milivolt test. All protections required to be incorporated.<br>The panel should also have a separate provision for testing of DC motors from FHP to 100 kW. All tests mentioned above to be incorporated.<br>Alongwith this test bed for motor is to be provided. Sliding bed arrangement is to be made so as to accommodate the size of motors mentioned above. | 2 Nos. | NIL | 24.07.87 |

GROUP—'B'

| Sl. No. | Tender No. | Description | Quantity | Amount of EMD | Date of opening of Tender |
|---|---|---|---|---|---|
| 1 | FS 42 MD T—4009 | Anthracite Coal, washed, screened and Hydraulically graded. | 90 MT | Rs. 10000/- | 19.08.87 |
| 2. | FS : 42 : MD T—4062 | Bomb Calorimeter | 1 No. | Rs. 1000/- | 21.08.87 |

**TERMS & CONDITIONS :**

1. For the items under Group 'A', offers will be received directly i.e. no Tender Documents will be sold whereas for the items under Group 'B' the Tender Documents will be sold to the prospective Bidders.
2. Tender Documents for the items under Group 'B' can be purchased from the Office of the Chief Materials Manager on any working day either in person or by post against payment of Tender Fee of Rs. 50/- per set to NTPC Ltd., Farakka in the form of Demand Draft or Postal Order encashable to P.O. Khejuriaghat, Dist. Malda, which is non-refundable (Money order will not be acceptable).
3. Tender Documents will be issued only to prima-facie qualified manufacturer and/or Authorised Stockists/Dealers after scrutiny of data which is to be furnished alongwith their request for issue of tender documents. However, issue of tender documents will not automatically mean that such Bidders are considered qualified. NTPC reserves the right to alter the qualifying requirements.
4. NTPC will not be responsible for non-receipt/late receipt or loss of Tender Documents in Postal Transit.
5. Tender Documents are not transferable.
6. Tender shall be submitted on Vendor's own Letterhead in two separate sealed envelopes.
7. One envelope shall be superscribed as "Earnest Money and Credentials". Bid not accompanied with the requisite Earnest Money Deposit in a seperate sealed cover or with Earnest Money Deposit of inadequate value shall not be entertained and shall be returned to the bidders. Please note that the firms registered with NSIC or West Bengal Small Scale Industries Development Corporation are exempted from furnishing EMD provided their monetary limit fixed by NSIC/WB-SSIDC is not less than our estimated value.
8. The second envelope shall be superscribed as "Technical & Commercial Bid" and will contain the price and other commercial terms and conditions offered by the Bidders. The second envelope of only those Bidders shall be opened who satisfy the requirement of Earnest Money as called for and credentials Authorisation Certificate (for dealer)
9. Offers shall accompany the copy of Purchase Orders alongwith list of users for similar items and latest ITCC.
10. Offer shall accompany latest test certificate from any Govt. approved laboratory for item at Sl. No. 1 under group 'A' and item at Sl. No. 1 under group 'B'
11. The prices should be firm and final, should be FOR NTPC Ltd. (Stores) (For full truck load)/ Farakka, Dt. Murshidabad (WB) by road basis (for smalls). Any taxes, duties or any other charges (i.e. packing and forwarding etc.), if leviable **shall be clearly indicated (indicating the rates/values).**
12. Delivery Ex-stock for all items under group—B preferred. Otherwise firm delivery period may be indicated.
13. In the event of any delay in delivery Liquidated Damage @ ½% per week or part thereof subject to maximum of 10% of the order value shall be levied.
14. 100% payment will be released within 30 days of receipt and acceptance of materials at NTPC Stores. Liberal payment terms may be considered under special condition. However, all the Bank charges to be borne by the supplier
15. Successful bidder shall have to submit/furnish Security Deposit for 5% value of the order. For supply of equipment/instruments a Performance Guarantee for 10% value of the order shall have to be submitted by the supplier
16. Earnest Money Deposit/Security Deposit/Performance Guarantee may be submitted in any of the following forms
    - i) D.D. drawn in favour of NTPC payable at Farakka.
    - ii) Cheque in favour of NTPC duly certified by the Banker "GOOD FOR PAYMENT"
    - iii) FDR/NSC/National Defence Deposit Certificate/NTPC Power Bond duly endorsed in favour of NTPC
    - iv) The above guarantee may be submitted in the form of Bank Guarantee (from a Nationalised/Scheduled Bank) in NTPC format.
17. NTPC reserves the right to choose, accept any or all offers in full or part, reduce or increase the quantity, split the order including rejection of any request for issue of Tender documents.
18. Bids from the Tenderers who have not purchased the Bid Documents (for group—B items only), Bids not accompanied with EMD and Bids from **Agents/Stockists without** letter of Authority from the Manufacturers are liable to be rejected
19. NTPC may also use the Tender Notice for Enlistment of vendors for similar requirement in future
20. Tender will be opened at 11-00 hours on the specified dates, receipt of which will be closed at 10-00 hours
21. Sale of Tenders will be closed at 15-00 hours on working day before the opening of Tender
22. The Bids shall remain valid for 90 days from the date of opening of the same

PPS

CHIEF MATERIALS MANAGER

## হাসপাতালের ডাক্তার ও কর্মীদের বাসের প্রয়োজনে

রঘুনাথগঞ্জ : মহকুমা তথ্য দপ্তর সূত্রে জানা যায়, স্থানীয় হাসপাতাল চত্বরে ডাক্তার ও কর্মীদের বাসের জন্য ফ্ল্যাট নির্মাণের কাজ পুরোদমে চলছে। ডাক্তারদের জন্য ৪টি, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর কর্মীদের জন্য ২৪টি এবং চতুর্থ শ্রেণীর কর্মীদের জন্য ৪৮টি ফ্ল্যাট তৈরী হচ্ছে। ফ্ল্যাটগুলি নির্মাণে বিদ্যুৎ বাদে মোট ব্যয় হবে ৪৬,৮৪,২৫৩ টাকা। পূর্ত বিভাগের তত্বাবধানে নির্মাণ কাজ চলছে। আগামী ডিসেম্বরের মধ্যে নির্মাণের কাজ শেষ হবে বলে জানা যায়। বর্তমানে হাসপাতাল চত্বরে ডাক্তারদের জন্য ৫টি, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর কর্মীদের জন্য ১৬টি, চতুর্থ শ্রেণীর কর্মীদের জন্য ৩০টি ফ্ল্যাট ছাড়াও ১৪ জন নার্সিং ষ্টাফ থাকার পৃথক ব্যবস্থা আছে।

## মৎস্যজীবী সমিতির আন্দোলন

রঘুনাথগঞ্জ : গত ১৫ জুন বিভিন্ন দাবী দাওয়ার ভিত্তিতে সিপিআই পরিচালিত পশ্চিমবঙ্গ মৎস্যজীবী সমিতি মিছিল করে স্থানীয় মহকুমা শাসক অফিসে যান ও তাঁকে একটি দাবীপত্র জমা দেন। মাননীয় মহকুমা শাসক তাঁদের দাবীদাওয়া সহানুভূতির সাথে বিবেচিত হবে বলে আশ্বাস দিয়েছেন বলে প্রকাশ।

## সারা বাংলা সেচ কর্মচারী সমিতি

রঘুনাথগঞ্জ : ২১ জুন সারা বাংলা সেচ কর্মচারী সমিতি মুর্শিদাবাদ জেলা শাখার এক কনভেনসন এখানে অনুষ্ঠিত হয়। উক্ত কনভেনসনে প্রায় ৫০ জন সেচ কর্মচারী উপস্থিত ছিলেন। সমিতির সাধারণ সম্পাদক কমরেড শচীন মুখার্জী তাঁর ভাষণে সরকারী কর্মচারী আন্দোলন কোন পথে ও সেচ কর্মচারী সমিতির আন্দোলনের দৃষ্টিভঙ্গি ব্যাখ্যা করেন। এছাড়া আলোচনায় আরও ছয়জন সদস্য অংশ নেন। কমরেড বিপ্লব মিত্রকে সভাপতি ও কমঃ বেণুমোহন ঘোষকে সম্পাদক করে ১১ জনের একটি জেলা কমিটি গঠন করা হয়। জেলা কমিটির কাজকর্ম রঘুনাথগঞ্জ থেকে পরিচালনার কথাও ঘোষণা করা হয়।

## রাজ্য সরকারী কর্মচারীদের কনভেনশন

রঘুনাথগঞ্জ : গত ২১ জুন জয়েন্ট কাউন্সিল অফ দি ষ্টেট গভঃ এমপ্লয়িজ এসোসিয়েসন এণ্ড ইউনিয়নস এর জঙ্গিপুর মহকুমা কনভেনসন স্থানীয় মহকুমা হাসপাতাল আউটডোরে অনুষ্ঠিত হয়। ফরাক্কা,সাগরদীঘি প্রভৃতি এলাকা থেকে প্রায় ২০০ রাজ্য সরকারী কর্মচারী উক্ত কনভেনসনে উপস্থিত হন। সংস্থার সাধারণ সম্পাদক কমরেড সজিত দাসগুপ্ত কনভেনসন উদ্বোধন করে কেন জয়েন্ট কাউন্সিল অফ ষ্টেট গভঃ এমপ্লয়িজ এসোসিয়েসন এণ্ড ইউনিয়নস এর প্রয়োজন ব্যাখ্যা করেন। কেন্দ্রিয় কমিটির অন্যতম সদস্য কমরেড শচীন মুখার্জী ও সংস্থার মুর্শিদাবাদ জেলা সম্পাদক কমরেড সমরেশ সরকারও কনভেনশনে বক্তব্য রাখেন। বিভিন্ন দপ্তরের প্রতিনিধিদের নিয়ে ১১ জনের একটি কমিটি গঠন করা হয়।

## রবীন্দ্র জয়ন্তী

জঙ্গিপুর : দেরিতে পাওয়া এক খবরে প্রকাশ—ছোটকালিয়াই শ্রীঅরবিন্দ পাঠাগারের উদ্যোগে কবিগুরুর ১২৬ তম জন্মজয়ন্তী উদ্‌যাপিত হয়। অনুষ্ঠানে রবীন্দ্র জীবনী নিয়ে আলোচনা করেন অরুণকুমার দাস। অনুষ্ঠান শেষে ধূর্জটি বন্দ্যোপাধ্যায় রচিত গীতি আলেখ্য ও 'বৈকুণ্ঠের খাতা' নাটকটি মঞ্চস্থ হয়।

## পুরাতনী

[ জঙ্গিপুর সংবাদের পৃষ্ঠা হতে ]

### পণ্ডিতের মাসিক বৃত্তি

১৩২৯ সাল, ৯ম বর্ষ, ৮ম সংখ্যা—জঙ্গিপুর উচ্চ ইংরাজি বিদ্যালয়ের ভূতপূর্ব সংস্কৃত শিক্ষক পণ্ডিত ন্যাটেশ্বর চূড়ামণি মহাশয় কার্য্য হইতে অবসর গ্রহণ করার পর স্কুল হইতে মাসিক ১০ টাকা হিসাবে পেনসন প্রাপ্ত হইতেন। স্কুল কর্তৃপক্ষ উক্ত পেনসন নিয়ম বহির্ভূত বলিয়া বন্ধ করিয়াছেন। পণ্ডিত মহাশয়ের বৃদ্ধাবস্থায় এই পেনসন বন্ধের জন্য বিশেষ অভাবগ্রস্ত হইয়াছেন। সম্প্রতি বঙ্গে নিবাসী বিখ্যাত ব্যবসায়ী নগেন দাস ফুলচাঁদের জঙ্গিপুর গদির কর্ণধার পবিত্র বিপ্রকুলোদ্ভূত দেব চরিত্র সহৃদয় শ্রীযুক্ত পুষণরাম দেবশর্ম্মা ( মহারাজজি ) এই বৃদ্ধ ব্রাহ্মণের অভাব উপলব্ধি করিয়া মাসিক ৫ টাকা হিসাবে বৃত্তি দেবার ব্যবস্থা করিয়াছেন। বৃদ্ধ পণ্ডিত মহাশয়ের এই সাহায্য প্রাপ্তিতে কতকাংশ অভাব দূরীভূত হইবে।......


# NTPC

## NABARUN POINT ENGLISH MEDIUM SCHOOL

P. O. NABARUN, FSTPP, DIST. MURSHIDABAD,
PIN-742236

# INVITES

**Applications for the undermentioned teaching posts :**

1. Geography
2. Mathematics
3. History
4. Economics

Essential Qualifications : 2nd Class Master or Hons. degree in the respective subject. 2nd Class teaching degree from a recognised University. Good command over both spoken and written English.

Age not more than 35 years.

Desirable : Two to three years experience in a recognised English Medium School of repute.

Pay & Allowances : As per G. A. Rules. Besides pay and allowances, accommodation will be provided as per school rules. Free medical aid to the extent of availability at the NTPC Hospital.

Application duly supported by attested copies of all examinations passed and testimonials of experience should reach the Principal and Member Secretary, NTPC Nabarun Point English Medium School, P. O. Nabarun, FSTPP, Dist. Murshidabad-742236 (W. B.) within 10 days from the date of the publication of this advertisement.

Applications not supported by attested copies of certificates and testimonials are liable to be rejected. 2nd Class return train fare will be paid by the shortest route.

# মুর্শিদাবাদ জেলা পরিষদ

বহরমপুর

# বিজ্ঞপ্তি

মুর্শিদাবাদ জেলা পরিষদের জঙ্গিপুর মহকুমায় অবস্থিত নিম্নোক্ত চর এলাকার জমি (নিম্নলিখিত মৌজাস্থিত, দাগ নং গুলির) নিম্নলিখিত তারিখ ও সময়ে প্রকাশ্য নিলাম ডাকে এক বৎসরের জন্য অস্থায়ী বন্দোবস্ত দেওয়া হবে। ডাকের পূর্বে প্রত্যেককে ২০০ টাকা জমা দিতে হবে।

**জঙ্গিপুর মহকুমা**

নিলাম স্থান: রঘুনাথগঞ্জ জেলা পরিষদ ডাকবাংলো, তারিখ ২-৭-৮৭ বেলা ১২টা

**চর জমির বিবরণ**

| ক্রমিক নং | রাস্তার নাম | মৌজার নাম | জে এল নং | খং নং | দাগ নং | মোট জমির পরিমাণ | কৃষিযোগ্য পরিমাণ একরে |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১। | জিয়াগঞ্জ-জঙ্গিপুর রাস্তা | খাগুরা | ৬০ | ১৮৪৭ | ৪০০৪, ৪০২৫ | ২ ৯৬ | ২-৯৬ |
| ২। | ঐ | জোত বিশ্বনাথ | ৫৬ | ৫১২ | ৬৪২৪ | ২-৬১ | ২-২৯ |
| ৩। | ঐ | নারুখালি | ৫৪ | ৫৪৭ | ৫২৫ | ২-৮৭ | ০-৪৫ |
| ৪। | ঐ | পানিয়া | ৫৮ | ৪৬ | ৭৬ | ১-২৪ | ০-৩০ |
| ৫। | ঐ | শিবপুর | ৪৮ | ৫৫৬ | ২৬ | ২-৫৯ | ০-৫৬ |
| ৬। | ঐ | খামরা | ৪৭ | ৩৪১ | ১৩৪, ৪৮৮, ৫৯৫, ১২২৮, ১২২৯ | ৫-০৫ | ১-৬৯ |
| ৭। | ঐ | বাজিতপুর | ৪৪ | ১/১ | ৪৮৭, ৪৮৮, ৪৮৯ | ৯-৫৩ | ২-১৫ |
| ৮। | ঐ | দয়ারামপুর | ৪৩ | ৫০৪ | ১৬ , ১৬৫, ১৬৬, ৪৫৫ | ৫-৯০ | ১-০০ |
| ৯। | ঐ | হীরকাটি | ৪২ | ১ | ২৩, ২৪, ২৫ | ১-০২ | ০-৬০ |
| ১০। | ঐ | বিনোদদীঘি | ৪১ | ৬ | ১৮৬, ১৮৭, ১৮৯/১৮৮, ২১৭, ১৯৪ | ৫-৭৯ | ৩-০০ |
| ১১। | ঐ | সোদপুর | ৪০ | ২২৯ | ২১১ | ৫-১৫ | ২-১৫ |
| ১২। | ঐ | চকসোদপুর | ৩৯ | ২৩১ | ১, ৭ | ২-১৫ | ২-১৫ |
| | | | | ১ | ১ | ৫-৩৫ | ৫-৩৬ |
| ১৩। | ঐ | মারকোন | ৩১ | ২ | ১/৪০২ | ০-০১ | |
| | | | | ১ | ১০৪ | ৫-৭১ | ০-৪৫ |
| ১৪। | ঐ | আকবরপুর | ৩২ | ৩৮ | ১০৪/৫১০ | ০-০১ | |
| ১৫। | খামরা-নতুনগঞ্জ রোড | দিয়ারাপুর | ৬৮ | ১২৭/১ | ৬২২, ১০২০, ১০৫৭, ১০৪২, ৫৪৩ | ৬-৮৬ | ১-০০ |
| ১৬। | জিয়লমারী-প্রতাপগঞ্জ রোড | লালপুর | ৯১ | ৮৩২ | ৫৪৩৯, ৩৫১৪, ১২২৯ | ১-৮৮ | ০-৬৬ |
| ১৭। | রামনগর-ফরাক্কা রোড | লাহারপুর | ১০২ | ১/২ | ১১৯১, ১০৩২, ১১৯৩, ১২১৮, | ২-৩১ | ২-১০ |
| ১৮। | ঐ | সিকদারপুর | ১০১ | ১৭৯ | ৯, ১৮, ২৭৬ | ৩-৬৫ | ৩-৬৫ |
| ১৯। | ঐ | লালপুর | ৯১ | ২১২১ | ২১৯৪ | ৩-৬২ | ০-৫৮ |
| | | | | | | ৭৪-৪৮ | ৩০-৯০ |

১৯-৬-৮৭

জে, এম, চক্রবর্ত্তী
জেলা বাস্তুকার
মুর্শিদাবাদ জেলা পরিষদ

[Memo No. 243/Er/E IV-12 (J) Date 19-6-87]

## ৬০ কোটি টাকার প্রভিডেণ্ড ফাণ্ডের হিসেব নেই

নিজস্ব সংবাদদাতা : গত ১৯—২১ জুন প্রাথমিক শিক্ষক সংঘের ৬ষ্ঠ রাজ্য সম্মেলন লালবাগে অনুষ্ঠিত হয়। সভায় সারা বাংলা শিক্ষক সমিতির সভাপতি সুভাষ দাস বলেন—আমাদের আন্দোলনের অর্জিত সম্পদ বর্তমান সরকার কেড়ে নিয়েছেন। পেনসনের টাকা তিন বছর ধরে চেষ্টা করেও শিক্ষকেরা পাচ্ছেন না। শিক্ষকদের প্রভিডেণ্ড ফাণ্ডের ত্রিশ কোটি টাকার কোন হিসাব নেই। স্কুল বোর্ডের প্রেসিডেণ্ট অরুণ ভট্টাচার্য বলেন—আমাদের অধিকার অর্জন ও রক্ষা করতে হবে সংগ্রামের পথে। নিখিল বঙ্গ শিক্ষক সমিতির মহাদেব সাহা প: ব: প্রাথমিক শিক্ষক সমিতির প্রণব দত্ত বিধানসভার উপাধ্যক্ষ অনিল মুখার্জী ও রাজ্যের খাদ্যমন্ত্রী নির্মল বসুও এই সম্মেলনে যোগ দেন এবং বক্তব্য রাখেন।

### ক্ষোভ চরমে

( ১ম পৃষ্ঠার পর )

আত্মীয়রা প্রায় নয় হাজার টাকা ডাক বিভাগে জমা দেন। ডাক বিভাগের বর্তমান সুপারের ঢিলেমির জন্যই নাকি টাকা ফেরৎ পাওয়া যাচ্ছে না। তিনি অপরাধীকে বাঁচাবার তাগিদেই ব্যবস্থা অবলম্বনে অযথা দেরী করছেন বলেও অভিযোগ উঠেছে।

## হিন্দু মিলন মন্দিরের শুভ উদ্বোধন

জঙ্গিপুর : গত ২৩ জুন ছোটকালিয়াই গ্রামে ভারত সেবাশ্রম সংঘ অনুমোদিত হিন্দু মিলন মন্দিরের শুভ উদ্বোধন হয়। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে সভ্যরা দিনটি উদ্‌যাপন করেন। উল্লেখ্য উক্ত মিলন মন্দিরের সভ্যদের বিপক্ষে স্থানীয় মানুষের ক্ষোভের বহিঃপ্রকাশ ঘটে বিভিন্ন ঘটনায়। ছোটকালিয়ার শান্তিপ্রিয় মানুষ আশা করেন বর্তমানে সভ্যগণ দায়িত্বপ্রবণ হয়ে বিক্ষোভের কারণগুলি দূর করতে সজাগ হবেন।

### চাষীর মন আশঙ্কায় ভরা

( ১ম পৃষ্ঠার পর )

বর্ষা নামলো না। চাষীর মনে ভয় ধরা স্বাভাবিক। এদিকে ভালো বৃষ্টি হয়নি বলে বাজারে সবজির দাম বেড়েছে। তার আসল কারণ জলের অভাবে সবজির ফলন কম হয়েছে। আবার শিলাবৃষ্টির আঘাতে ফলন ঘা খেয়ে পেঁয়াজের দাম হয়েছে আকাশছোঁয়া। গ্রীষ্মকালীন সবজীর পালা শেষ হতে চলেছে, আসছে আমন ধান আর শীতকালীন সবজি চাষের প্রস্তুতি। তাতেও জল দরকার। দরকার বৃষ্টির জল। দরকার ভারী বর্ষা। শেষ পর্যন্ত তা হবে কি? খরার পর সবে ঝরা শুরু হয়েছে, কিন্তু অনিয়মিত বর্ষার অতীতের তিক্ত অভিজ্ঞতায় চাষীর মন স্বাভাবিক কারণেই আতঙ্কে ভরা।

## অবহেলিত হিলোড়া গ্রাম

( ১ম পৃষ্ঠার পর )

ও কর্মচারীরা নিজেদের খেয়াল খুশীমত কাজ করছেন। আউটডোরটিও খোলে ও বন্ধ হয় তাঁদের খেয়াল মত। এর প্রতিবাদে গ্রামের মানুষ স্বাস্থ্য মন্ত্রীর দরবারে গণদরখাস্ত করেন। কিন্তু তার ফল হলো উল্টো। ডাক্তারবাবু হিলোড়া থেকে চলে গেলেন আহিরণ হাসপাতালে। তিনি বদলী হয়েছেন এমন কথা গ্রামবাসীরা কেউই শোনেননি। ত্রিশ হাজার মানুষের চিকিৎসাকে উপেক্ষা করে ডাক্তারকে সরিয়ে দেওয়া হলো অন্য কোন বিকল্প ব্যবস্থা না করেই বামফ্রন্ট রাজত্বে এ ধরনের ঘটনা ঘটতে দেখে গ্রামবাসীরা হতবাক। জানা যায়, ডাঃ মুকুল সাহা গত ১ জুন থেকে আহিরণে চলে গেছেন কিন্তু তাঁর স্থলে কোন ডাক্তার এখন পর্যন্ত হিলোড়ায় আসেননি। গ্রামবাসীরা সমস্ত ঘটনা জানিয়ে মুখ্যমন্ত্রীর কাছে গণআবেদনের সিদ্ধান্ত নিয়েছেন।

### এফিডেবিট

আমি শুকদেব দাস পিতা ৺কৃষ্ণলাল দাস পোঃ ঘোড়শালা, জেলা মুর্শিদাবাদ গত ১৯৭২ সাল থেকে আমি 'দাস'এর স্থলে সরকার পদবি ব্যবহার করছি। উক্ত পদবি পরিবর্ত্তনের নিদর্শনস্বরূপ গত ১৮ জুন ১৯৮৭ জঙ্গিপুর এক্জিকিউটিভ ম্যাজিষ্ট্রেট কোর্টে এফিডেবিট করে শুকদেব সরকার হলাম।

### জায়গা বিক্রী

রঘুনাথগঞ্জ হরিদাসনগর পল্লীতে জঙ্গিপুর সিভিল কোর্ট ও পি ডব্লিউ ডি অফিসের পার্শ্বে ভদ্র পল্লীতে বাসোপযোগী জায়গা প্লট করে বিভিন্ন দামে বিক্রী হচ্ছে। যোগাযোগের ঠিকানা—

স্বর্ণদ্যুতি নাথ
হরিদাসনগর
পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

### বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ শহরের মধ্যস্থলে সদর রাস্তায় চার কাঠা জায়গার উপর একটি দ্বিতল বাড়ী বিক্রয় আছে। যোগাযোগের ঠিকানা—

অনিমা সিনহা
প্রযত্নে ডাঃ ৺এস এন সিনহা
১৯১, আর এন ঠাকুর রোড
পোঃ বহরমপুর (পঃ বঃ)




রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।